

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)-১৩৬

তারিখ: ২২ মাঘ, ১৪৩০
০৫ ফেব্রুয়ারি, ২০২৪


বিষয়: আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা সূষ্ঠা, নকলমুক্ত এবং ইতিবাচক পরিবেশে সম্পন্ন লক্ষ্যে পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০ এবং সাইবার নিরাপত্তা আইন, ২০২৩-এর সংশ্লিষ্ট বিধান সম্পর্কে সর্বসাধারণকে অবহিতকরণের উদ্দেশ্যে টেলিভিশনে সম্প্রচার।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ বৃহস্পতিবার থেকে সারাদেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা শুরু হবে। পরীক্ষাসমূহ সূষ্ঠা, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা সংক্রান্ত আইন ও অন্যান্য তথ্য সম্পর্কে সর্বসাধারণকে সচেতন করা প্রয়োজন। এতদুদ্দেশ্যে পরীক্ষা চলাকালে টেলিভিশন চ্যানেলসমূহে নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১) আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ বৃহস্পতিবার থেকে ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা শুরু হবে;
- ২) পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে আবশ্যিকভাবে কেন্দ্রে প্রবেশ করে আসন্ন গ্রহণ করতে হবে;
- ৩) পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০-এর ৪ ধারা অনুযায়ী পরীক্ষা শুরুর পূর্বে প্রশ্ন সংক্রান্ত কোন কাগজ অথবা পরীক্ষার জন্য প্রণীত হয়েছে মর্মে মিথ্যা ধারণাদায়ক কোন প্রশ্ন সম্বলিত কোন কাগজ যে কোন উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ শাস্তিমূলক অপরাধ, এ ধরনের অপরাধের জন্য সর্বোচ্চ ১০(দশ) বছর এবং সর্বনিম্ন ০৩(তিন) বছর কারাদন্ডসহ অর্থদন্ডের বিধান রয়েছে;
- ৪) সাইবার নিরাপত্তা আইন, ২০২৩-এর ২৩ ধারা অনুযায়ী কোন ব্যক্তি যদি ডিজিটাল বা ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করে প্রতারণা করেন তাহলে তিনি অনধিক ৫(পাঁচ) বৎসর কারাদন্ডে, বা অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ডে, বা উভয় দন্ডে দন্ডিত হবেন।
- ৫) সাইবার নিরাপত্তা আইন, ২০২৩-এর ধারা ২৫(১)(খ) অনুযায়ী কোন ব্যক্তি যদি রাষ্ট্রের ভাবমূর্তি বা সুনাম ক্ষুণ্ণ করার, বা বিভ্রান্তি ছড়াবার উদ্দেশ্যে, অপপ্রচার বা মিথ্যা বলে জ্ঞাত থাকা সত্ত্বেও, কোন তথ্য সম্পূর্ণ বা আংশিক বিকৃত আকারে প্রকাশ, প্রচার বা সম্প্রচার করেন বা করতে সহায়তা করেন তাহলে তার অনধিক ২(দুই) বৎসর কারাদন্ডে, বা অনধিক ৩(তিন) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হবার বিধান রয়েছে।
- ৬) প্রশ্ন ফাঁস সংক্রান্ত সকল গুজবকে অগ্রাহ্য করে যথাযথ প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকল পরীক্ষার্থী এবং অভিভাবকগণকে সতর্ক করে অনুরোধ জানানো।

সংযুক্তি: পরীক্ষার সময়সূচি..... পৃষ্ঠা।

সিনিয়র সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা



সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৬৭৮০
ইমেইল: govt.sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)-১৩৬

তারিখ: ২২ মাঘ, ১৪৩০
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৪. যুগ্মসচিব (মাধ্যমিক-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়


সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী
উপসচিব